মেহেরপুরে সাংবাদিক হামলার প্রতিবাদে ৭ দিনের কর্মসূচি ঘোষণা

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল কাদের কতৃক ডিবিসি’র মেহেরপুর জেলা প্রতিনিধি আবু আক্তার করণ ও বাংলাদেশ রয়টার্সের এর প্রতিনিধি জাকির হোসেনের উপর হামলার প্রতিবাদে, ঘটনা বিচারের দাবীতে ৭ দিনের কর্মসূচি ঘোষণা করেছে মেহেরপুরের সাংবাদিক সমাজ।

রবিবার সন্ধ্যায় মেহেরপুর প্রেস ক্লাব মিলনায়তনে এক সভায় এ কর্মসূচি ঘোষণা করা হয়।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী ১৬ নভেম্বর সকাল ১০ টায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে প্রতিবাদ সভা ও পথসভা। ১৭ নভেম্বর সকাল ১০ টায় মৌন মিছিল, মেহেরপুর প্রেসক্লাব থেকে শুরু হয় জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত।

১৮ নভেম্বর মেহেরপুর প্রেসক্লাবের সামনে সকাল ১০টা থেকে কলম বিরতি । ১৯ নভেম্বর সকাল ১০ টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে অবস্থান ধর্মঘট। ২০ নভেম্বর সকাল ১০টায় প্রেসক্লাবের সামনে মানববন্ধন। ২১ শে নভেম্বর প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান এবং ২২ নভেম্বর বিচার না হওয়া পর্যন্ত জেলা প্রশাসনের সকল প্রকার সংবাদ বয়কট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর প্রেস ক্লাবের উপদেষ্টা তুহিন আরন্য, সাধারণ সম্পাদক আল-আমিন হোসেন, প্রেসক্লাবের সাবেক সভাপতি রুহুল কুদ্দুস টিটো, সাংবাদিক রামিজ আহসান প্রমুখ।

সাংবাদিক মুজাহিদ মুন্নার মায়ের ইন্তেকাল

দৈনিক দেশ পত্রিকার জেলা প্রতিনিধি মুজাহিদ মুন্নার মা মিনারা খাতুন (৪৫) ইন্তেকাল করেছেন(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। আজ বৃহস্পতিবার রাত সোয়া ১১টার দিকে মাগুরা জেনারেল হাসপাতালে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

কয়েকদিন আগে তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। অবস্থার অবনতি হলে বৃহস্পতিবার বিকালে চিকিৎসক তাকে ঢাকা হৃদরোগ ইনস্টিটিউটে রেফার্ড করেন। সেখানে নেওয়ার পথে মাগুরা পৌছালে অবস্থা আরো খারাপ হলে তাঁকে মাগুরা হাসপাতালে নেওয়া হয়। সেখানে রাত সোয়া ১১ টার দিকে তিনি মারা যান। মৃত্যুকালে তিনি তিন ছেলে ও এক মেয়ে রেখে গেছেন। আজ শুক্রবার সকাল ৯টায় হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে জানাযা অনুষ্ঠিত হবে।

মুজাহিদ মুন্না তাঁর বড় ছেলে। ছোট ছেলে মেহেরাব হোসেন অপিও সাংবাদিকতা পেশায় নিয়োজিত রয়েছেন। বছর দুয়েক আগে একই রোগে তার বাবাও মারা যান। অল্প বয়সে বাবা-মা দুজনকে হারালেন মুজাদিহসহ তার ছোট ভাই বোনেরা।

মুজাহিদ মুন্নার মায়ের অকাল মৃত্যুতে আমরা ‘মেহেরপুর প্রতিদিন’ পরিবারের সকল সদস্য শোকাহত। মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনাসহ শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

জামিন পেলেন সংগ্রাম সম্পাদক

আবুল আসাদ

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় দৈনিক সংগ্রাম পত্রিকার সম্পাদক আবুল আসাদকে এক বছরের জামিন দিয়েছেন হাইকোর্ট।

বুধবার বিচারপতি মো. এমদাদুল হক ও মো. আকরাম হোসেন চৌধুরীর হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে আবেদনের পক্ষে শুনানিতে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী খন্দকর মাহবুব হোসেন ও মোহাম্মদ শিশির মনির।

পরে শিশির মনির সাংবাদিকদের জানান, সংগ্রাম পত্রিকার সম্পাদক আবুল আসাদকে আদালত রুলসহ এক বছরের জামিন দিয়েছেন।

প্রসঙ্গত ২০১৯ সালের ১২ ডিসেম্বর দৈনিক সংগ্রাম পত্রিকায় প্রকাশিত এক প্রতিবেদনে একাত্তরে মানবতাবিরোধী অপরাধে ফাঁসি কার্যকর হওয়া কাদের মোল্লাকে ‘শহীদ’ হিসেবে উল্লেখ করা হয়।

এতে ক্ষুব্ধ হয়ে পরদিন ১৩ ডিসেম্বর পত্রিকাটির কার্যালয় ভাঙচুর করে মুক্তিযোদ্ধা মঞ্চের একদল নেতাকর্মী।

মঞ্চের সভাপতি আমিনুল ইসলাম বুলবুল ও সেক্রেটারি আল মামুনের নেতৃত্বে নেতাকর্মীরা বিকাল ৫টার দিকে কার্যালয়ের সামনে জড়ো হয়ে প্রায় এক ঘণ্টা ভাঙচুর চালায়। তারা কার্যালয়ে ঢুকে বেশ কয়েকটি টেলিভিশন, কম্পিউটার ও আসবাবপত্র ভাঙচুর করে।

পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দৈনিক সংগ্রামের সম্পাদক আবুল আসাদকে হাতিরঝিল থানায় নিয়ে যায়।

ওইদিন রাতে ঢাকা সিটি কর্পোরেশনের ৩৬ নম্বর ওয়ার্ডের মুক্তিযোদ্ধা কমান্ডার মোহাম্মদ আফজাল সংগ্রাম পত্রিকার সম্পাদকসহ সাত-আটজনকে আসামি করে ডিজিটাল নিরাপত্তা আইনে একটি মামলা করেন।

সূত্র- যুগান্তর

৭৪ বার পেছাল সাগর-রুনি হত্যা মামলার প্রতিবেদন

সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ৭৪ বার পিছিয়েছে।

আজ মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) ঢাকা মহানগর হাকিম মিল্লাত হোসেনের আদালত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ১৪ অক্টোবর নতুন দিন ধার্য করেছেন।

আজ মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দিন ধার্য ছিল। কিন্তু মামলার তদন্ত সংস্থা র্যাব প্রতিবেদন দাখিল করেনি। এজন্য আদালত নতুন এ দিন ধার্য করেন।

২০১২ সালের ১১ ফেব্রুয়ারি মাছরাঙা টেলিভিশনের বার্তা সম্পাদক সাগর সরওয়ার ও এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরুন নাহার ওরফে মেহেরুন রুনি দম্পতি রাজধানীর পশ্চিম রাজাবাজারে নিজ বাসায় খুন হন।

চাঞ্চল্যকর ওই হত্যাকাণ্ডের পর নিহত রুনির ভাই নওশের আলম রোমান রাজধানীর শেরেবাংলা নগর থানায় হত্যা মামলা করেন। শেরে বাংলা নগর থানা পুলিশ প্রথমে মামলাটি তদন্ত করে। চারদিনে কোনো রহস্য উদঘাটন করতে না পারায় মামলার তদন্ত পরে মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) হস্তান্তর করা হয়। দুই মাসেরও বেশি সময় তদন্ত করে ডিবি পুলিশ। কিন্তু তারাও রহস্য উদঘাটনে ব্যর্থ হয়।

পরে হাইকোর্টের নির্দেশে ২০১২ সালের ১৮ এপ্রিল র্যাব তদন্তভার গ্রহণ করে। গত আট বছরেরও বেশি সময়ে তদন্ত প্রতিবেদন দাখিল করতে পারেনি কোনো সংস্থা। এমনকি এই হত্যাকাণ্ডের কোনো রহস্যই উদঘাটন করতে পারেনি।

সূত্র- কালের কন্ঠ

দৈনিক দিনের খবর পত্রিকার সম্পাদক ফেরদৌস রিয়াজ জিল্লুর দাফন সম্পন্ন

দৈনিক দিনের খবর পত্রিকার সম্পাদক ও প্রকাশক ফেরদৌস রিয়াজ জিল্লু (৩৮) আর নেই(ইন্না-লিল্লাহি ওয়া ইন্নাইলাহি রাজিউন)।

এছাড়াও তিনি জাতীয় দৈনিক গণকন্ঠ পত্রিকার কুষ্টিয়া জেলা প্রতিনিধি হিসেবে কাজ করতেন। ৪সেপ্টেম্বর শুক্রবার (আজ) রাত ২ টা ৩০ মিনিটে ঢাকায় নেয়ার পথে গোয়ালন্দ ঘাটের কাছে সে মৃত্যুবরণ করে। মৃত্যুকালে তিনি স্ত্রী, পুত্র, কন্যা, পিতা-মাতাসহ অসংখ্য আত্মীয় স্বজন রেখে গেছে।

পরিবার সুত্রে জানা যায়, ৩সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সন্ধায় গুরুত্বর অসুস্থ্য হলে তাকে কুষ্টিয়া ২৫০ শয্যার হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানে ২ নং ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় তার অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে ঢাকায় প্রেরণের পরামর্শ দেন।

এর পর রাতেই অ্যাম্বুলেন্স যোগে ঢাকায় নেয়ার পথে সে মৃত্যুবরণ করে। প্রয়াত সাংবাদিক ফেরদৌস রিয়াজ জিল্লুর মৃত্যুতে কুষ্টিয়ার সাংবাদিকেরা গভীর ভাবে শোক প্রকাশ করেন। মরহুমের জানাযা নামাজ বাদ জুম্মা শহরের জিকে মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়ে পরে পৌর গোরস্তানে দাফন সম্পন্ন হয়।

গাংনী প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে ।

শনিবার বিকালে গাংনী প্রেসক্লাব ভবনে সাধারণ সভা অনুষ্ঠিত হয়। গাংনী প্রেসক্লাবের সভাপতি প্রভাষক রমজান আলীর সভাপতিত্বে আরটিভি

প্রতিনিধি সাবেক সম্পাদক মাজেদুল হক মানিকের সঞ্চালনায় সাধারণ সভায় উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও মাই টিভির জেলা প্রতিনিধি মাহাবুব আলম, সিনিয়র সদস্য ও জিটিভি ও ডেইলি অবজারভার এর মেহেরপুর জেলা প্রতিনিধি রফিকুল আলম,

সিনিয়র সাংবাদিক নুরুল ইসলাম নুহু বাঙ্গালী, সাবেক সম্পাদক ও বিজয় টিভি, সময়ের আলো জেলা প্রতিনিধি তৌহিদউদ্দোলা রেজা, ৭১ টিভি ও যায়যায়দিন এর গাংনী প্রতিনিধি মজনুর রহমান আকাশ, দৈনিক মানবজমিন, বাংলা টিভির জেলা প্রতিনিধি আকতারুজ্জামান, দৈনিক লাখকন্ঠ, সারাবাংলা ও শিক্ষাবার্তার জেলা প্রতিনিধি এস এম রফিকুল আলম বকুল, মেহেরপুর নিউজের তোফায়েল হোসেন, মেহেরপুরের চোখ এর সোহেল রানা বাবুসহ গাংনী প্রেসক্লাবের সকল সদস্য উপস্থিত ছিলেন ।

সভায় সাংবাদিকদের বিভিন্ন সমস্যা ও করোনা পরিস্থিতিতে সংবাদ সংগ্রহের সময় বিভিন্ন প্রতিবন্ধকতা এবং প্রেসক্লাবের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় । প্রেসক্লাব ভালভাবে ও দক্ষতার সাথে পরিচালনার জন্য সাধারণ সভায় বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয় ।

বঙ্গবন্ধুর বিভিন্ন দিক নিয়ে কথা বলবেন দেশবরণ্য ব্যক্তিরা

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ‘মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা’ শীর্ষক সাংবাদিকদের সাথে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। আগামিকাল ৩০ আগস্ট সন্ধ্যায় মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা’ এ অনুষ্ঠানের উদ্বোধন হবে।

শুক্রবার সকালে জুম কনফারেন্সের মাধ্যমে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বক্তব্য দেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর

প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক আলামিন হোসেন, আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিক, একুশে টিভি প্রতিনিধি ফারুক হোসেন প্রমুখ। অবহিতকরণ সভায় জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের প্রায় ৩০ জন সাংবাদিক অংশ নেন।

মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা শীর্ষক প্রোগ্রামটি বাস্তবায়নের লক্ষ্যে একটি রুপরেখা তুলে ধরেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

তিনি উপস্থাপনায় বলেন, শতঘন্টা মুজিবচর্চার উদ্বোধনী অনুষ্ঠান হবে ৩০ আগস্ট সন্ধ্যায়। উদ্বোধনী অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে আলোচনা করবেন।

৩সেপ্টেম্বর কথা সাহিত্যিক আনিসুল হক, ৫ সেপ্টেম্বর মেহেরপুরের সাবেক মহকুমা প্রশাসক ড. তৌফিক এলাহি চৌধুরী বঙ্গবন্ধুকে নিয়ে কথা বলবেন।

এভাবে দেশ বরণ্য বিভিণ্ন রাজনৈতিক, সাংবাদিক, সাহিত্যিক যারা বঙ্গবন্ধুকে জানেন তাদের নিয়ে মূলত এ প্রোগ্রামটি করার পরিকল্পনা করা হয়েছে। প্রতি প্রোগ্রামে সাংবাদিকসহ সংশ্লিষ্টদের জুম কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে রাখা হবে।

হাসাদাহে জাতীয় সাংবাদিক সংস্থার অভিষেক ও শপথ অনুষ্ঠান

জীবননগর উপজেলার হাসাদাহে নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার হাসাদাহ শাখা কমিটির এক অভিষেক অনুষ্ঠান ও শপথ গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

১১ জন সদস্য বিশিষ্ট নবগঠিত এই কমিটিতে কবির আহম্মদ সভাপতি এবং বদরুজ্জামান শ্যামলকে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করা হয়।

গতকাল বিকাল ৫ ঘটিকার সময় জাতীয় সাংবাদিক সংস্থার অফিস রুমে এই শপথ গ্রহন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই শপথ বাক্য পাঠ করান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন মোহাম্মদ আলী মাস্টার, ঔষুধ ব্যবসায়ী মিজানুর রহমান, মাহববুর রশিদ বিশ্বাস, হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন সহ নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

নাটুদাহ চন্দ্রবাসের সাংবাদিক সালামকে নিয়ে প্রতিপক্ষের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের চন্দ্রবাস গ্রামের বছিরের ছেলে সাংবাদিক সালামকে নিয়ে গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে একই গ্রামের সুরাতের ছেলে আশাদুল।

সালাম জানান, সে ও তার ভাই মিলে ৬ শতক জমির উপর বসবাস করে আসছে।সেখানে তাদের কে অবৈধভাবে উচ্ছেদ করতে উঠে পড়ে লেগেছে আশাদুল।সে নানান সময়ে নানান ভাবে তাকে হুমকি ধামকিও অব্যাহত রেখেছে।

সালাম আরো জানান তিনি চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন। যে কোন সময় আশাদুল তার বড় ধরনের ক্ষতি করতে পারে। এ বিষয়ে তিনি দামুড়হুদা মডেল থানায় আশাদুলের বিরুদ্ধে জিডির প্রস্তুতি নিচ্ছেন বলে জানা গেছে।

কোটচাঁদপুরে অসামাজিক কার্যকলাপের অভিযোগে নারীসহ দু’জন আটক

অসামাজিক কার্যকলাপে লিপ্ত থাকায় ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরের একটি বাসা থেকে একনারী সহ কথিত এক সাংবাদিককে আটক করেছে বে-রসিক জনতা। পরে তাদেরকে কোটচাঁদপুর থানা পুলিশের হাতে সোপর্দ করা হয়।

শুক্রবার সন্ধ্যায় শহরের দুধসারা চাষাপাড়া এলাকার একটি বাসা থেকে পুলিশ তাদেরকে আটক করে।

পুলিশ জানায়, পৌর শহরের দুধসারা এলাকায় একটি বাসায় অসামাজিক কাজে লিপ্ত থাকায় স্থানীয় জনগণ এক নারীসহ একজনকে পাকড়াও করে। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে কালিগঞ্জ উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামের ইসমাইল হোসেনের ছেলে সোহরাব হোসেন (৩২) ও একই উপজেলার কাশিপুর গ্রামের জৈনকের ২০ বছর বয়স্ক মেয়েকে আটক করে।

পুলিশ জানায় প্রাথমিক জিজ্ঞাসাবাদে তাারা অসামাজিক কার্যাকলাপে জড়িত থাকার কথা স্বীকার করেছে। তাদের বিরুদ্ধে শনিবার (০৪ জুলাই) কোটচাঁদপুর থানায় নন এফআইআর প্রসিকিউশন নং-১২/২০২০ তারিখঃ ০৪-০৭-২০২০ ইং ধারা- ২৯০ পেনাল কোডে জেল হাজতে প্রেরণ করা হয়।

প্রসঙ্গগত গ্রেফতার হওয়া সোহরাব হোসেন নিজেকে বিভিন্ন পত্রিকা ও অন-লাইনের সাংবাদিক হিসাবে পরিচয় দিয়ে থাকেন। অভিযোগ আছে মাদক সেবনকারী ও ব্যবসায়ীদের সাথে সক্ষতার। এমনকি বিভিন্ন সময়ে সাংবাদিক পরিচয় দিয়ে মাদক সেবন ও বহন করে থাকে।